

04 MAR 1992

দৈনিক ইত্তফাক

তারিখ 05 MAR 1992

পৃষ্ঠা ৩ কলাম ৪

05 MAR 1992

গোলযোগের পর ময়মনসিংহ পলিটেকনিক বন্ধ ঘোষণা

ময়মনসিংহ সংবাদদাতা ॥
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউটে আজ অনুষ্ঠিতব্য ছাত্র সংসদ নির্বাচনের উপর দ্বিতীয় সাব-জজ

আদালত হইতে নিষেধাজ্ঞা জারীর প্রেক্ষিতে গতকাল ক্যাম্পাসে ছাত্রদের মধ্যে স্ট্রট উত্তেজনার (১১শ পৃ: ৭-এর ক: ড:)

গোলযোগের পর (১ম পৃ: পর)

এক পর্যায়ে কর্তৃপক্ষ জরুরী সভায় বসিয়া অনিদিষ্টকালের জন্য ইন্সটিটিউট বন্ধ ঘোষণা করিয়াছেন। গত রাত ৮টার দিকে ক্যাম্পাসে ৫/৬টি ককটেল বিস্ফোরিত হয়। বিভিন্ন ছাত্র সংগঠনের মধ্যে হকিষ্টিক ও রামদা লইয়া ধাওয়া-পাল্টা বাওয়া চলে। দুইটি ছাত্রাবাসের কয়েকটি কক্ষের বিছানাপত্রে অগ্নিসংযোগ করা হয়। কোতোয়ালী পুলিশ ছাত্রদের নিবৃত্ত করার জন্য লাঠিচার্জ করে। সংঘর্ষ, লাঠিচার্জ ও দৌড়া-দৌড়িতে প্রায় ২০ জন ছাত্র আহত হইয়াছে। জানা গিয়াছে, ছাত্রনল নির্ধারিত সময়ে মনোনয়নপত্র দাখিল করিতে ব্যর্থ হওয়ার তাহাদের মনোনয়নপত্র গৃহীত না হওয়ায় জনৈক ছাত্র বিগত সংসদের ব্যয়ের হিসাব অভিত করানো ছাড়াই নির্বাচনের তফসিল ঘোষণা করায় আদালতে নির্বাচনের উপর নিষেধাজ্ঞা জারির আবেদন করিলে আদালত হইতে এই নিষেধাজ্ঞা জারি করা হয়। এ ব্যাপারে আমাদের সংবাদদাতা ইন্সটিটিউটের অধ্যক্ষের সহিত যোগাযোগ করার চেষ্টা করেন। কিন্তু তাহাকে পাওয়া যায় নাই বলিয়া জানান।